

**ভিডিও কনফারেন্স এর মাধ্যমে**  
**বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের অনুষ্ঠান দেড় ঘণ্টার স্থলে ৬ ঘণ্টা সম্প্রচার কার্যক্রম**  
**উদ্বোধনী বক্তব্যের টকিং পয়েন্ট**

মাননীয় প্রধানমন্ত্রী

শেখ হাসিনা

শনিবার, ৩১ ডিসেম্বর ২০১৬, গণভবন, ঢাকা

বিসমিল্লাহির রাহমানির রাহিম

আসসালামু আলাইকুম, সবাইকে শুভেচ্ছা জানাচ্ছি।

- আজ ডিসেম্বরের শেষ দিন। এ মাস আমাদের বিজয়ের মাস। তাই শুরুতেই আমি স্মরণ করছি সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। মুক্তিযুদ্ধে ৩০ লাখ শহীদ ও সন্তান হারা ২ লাখ মা-বোনের প্রতি শ্রদ্ধা জানাই।
- একটি উন্নত সমাজ ব্যবস্থা গড়ে তুলতে অবাধ তথ্য প্রবাহ অপরিহার্য। এই কারণেই আমরা তথ্য প্রবাহের সকল মাধ্যমের সরকারি ও বেসরকারি পর্যায়ে সম্প্রসারণ করে যাচ্ছি।
- আমার সরকারের সময় ১৯৯৬ সালের ১৯ ডিসেম্বর চট্টগ্রামে বাংলাদেশ টেলিভিশনের একটি পূর্ণাঙ্গ কেন্দ্র স্থাপিত হয় এবং স্থানীয়ভাবে ১ ঘণ্টা ৩০ মিনিটের অনুষ্ঠান সম্প্রচার শুরু হয়।
- আজ থেকে দেড় ঘণ্টার পরিবর্তে ৬ ঘণ্টার অনুষ্ঠান সম্প্রচার শুরু হল।
- বাংলা ভাষায় প্রথম টেলিভিশন বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) ১৯৬৪ সালের ২৫ ডিসেম্বর ঢাকার তৎকালীন ডিআইটি ভবনের নীচতলায় এনইসি (নিপ্পন ইলেকট্রনিক কোম্পানী) জাপানের সহযোগিতায় আত্মপ্রকাশ করে।
- স্বাধীনতার পর ১৯৭২ সালে বঙ্গবন্ধুর সরকার রাষ্ট্রপতির আদেশে বাংলাদেশ টেলিভিশনকে একটি সরকারি গণমাধ্যমে রূপ দেন।
- জাতির পিতার নির্দেশে ১৯৭৫ সালের ৯ ফেব্রুয়ারি ডিআইটি'র ক্ষুদ্র পরিসর থেকে রামপুরার বৃহত্তর পরিমন্ডলে বাংলাদেশ টেলিভিশন কেন্দ্র স্থানান্তর হয়।
- ১৯৯৬ সালে সরকার পরিচালনার দায়িত্ব গ্রহণের পর আমিই প্রথম বেসরকারি পর্যায়ে টেলিভিশন স্থাপন ও পরিচালনার অনুমতি প্রদান করি।
- এ পর্যন্ত ৩২টি বেসরকারি স্যাটেলাইট টিভি চ্যানেল স্থাপন ও পরিচালনার অনুমোদন দেওয়া হয়েছে।
- বর্তমানে বেসরকারি পর্যায়ে ২৩টি টেলিভিশন চ্যানেল সম্প্রচারে আছে।
- আমরা বেসরকারি এফএম বেতার কেন্দ্র স্থাপন ও পরিচালনা নীতিমালা-২০১০ প্রণয়ন করি।
- বর্তমান সরকারের সময় ২৪টি এফএম বেতার কেন্দ্র স্থাপনের অনুমোদন দেওয়া হয়েছে। বর্তমানে ১৫টি বেতার পরিচালিত হচ্ছে।
- এছাড়া ৩২টি প্রতিষ্ঠানকে কমিউনিটি রেডিও পরিচালনার অনুমোদন দেওয়া হয়েছে। ১৫টি চালু আছে।
- সরকার মোবাইলের মনোপলি ব্যবসা ভেঙে মোবাইল অপারেটরদের সেবা দেওয়ার ক্ষেত্র উন্মুক্ত করে দিয়েছে। আজ ১৬ কোটি মানুষের দেশে ১২ কোটি ৬৮ লাখের বেশি সীম ব্যবহার হচ্ছে।
- ১৯৯৬ সালের পূর্বে তৎকালীন সরকারের একজন প্রভাবশালী মন্ত্রীর একটি কোম্পানী এটি পরিচালনা করত।
- একটা কলের খরচ ছিল মিনিট প্রতি ২০ টাকা। যিনি কল করতেন তার ১০ টাকা, আর যিনি ধরতেন তার ১০ টাকা।
- তথ্য ও বিনোদন সরবরাহ এবং দেশীয় কৃষ্টি ও সংস্কৃতি বিকাশে বাংলাদেশ বেতার, বিটিভি, পিআইডি, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ফিল্ম সেন্সর বোর্ড, পিআইবি, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট এবং বিএফডিসি কাজ করে যাচ্ছে।

- বাংলাদেশ টেলিভিশনের সম্প্রচার ব্যবস্থা এনালগ থেকে সম্পূর্ণ ডিজিটালে রূপান্তরের পরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে।
- ৩৮ কোটি ১০ লাখ টাকা ব্যয়ে ‘বিটিভি সদর দপ্তর ভবন নির্মাণ’ বাস্তবায়ন করা হয়েছে।
- ৫৪ কোটি ১০ লাখ টাকা ব্যয়ে বাংলাদেশ টেলিভিশনের ‘ঢাকা কেন্দ্রের সম্প্রসারিত ভবনের স্টুডিও যন্ত্রপাতি স্থাপন প্রকল্পের’ নির্মাণ কাজও শেষ হয়েছে।
- প্রায় ৭৫ কোটি টাকা ব্যয়ে ‘বাংলাদেশ ফিল্ম আর্কাইভ’ ভবন নির্মাণের কাজ চলছে।
- ২১ কোটি টাকা ব্যয়ে ‘বিএফডিসি-তে ডিজিটাল প্রযুক্তি প্রবর্তন’ শীর্ষক প্রকল্প সমাপ্তির পথে রয়েছে।
- পিআইবিতে সাংবাদিকতায় মাস্টার্স কোর্স প্রবর্তন করা হয়েছে।
- ২০১৩ সালে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হয়েছে। এ ইনস্টিটিউটে চলচ্চিত্র বিষয়ক প্রথম কোর্স এবং টেলিভিশন বিষয়ক প্রথম কোর্স সমাপ্ত হয়েছে।
- গত ৮ বছরে বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের মাধ্যমে বিভিন্ন গণমাধ্যমের ১২ হাজারেরও বেশি সাংবাদিককে বিনাখরচে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।
- আমি নিজ উদ্যোগেই সাংবাদিকদের জন্য কল্যাণ ট্রাস্ট করে দিয়েছি। আমার কাছে কারও দাবি করতে হয় নাই।
- চট্টগ্রাম কেন্দ্রের সম্প্রচার সময় বাড়ানোর ফলে চট্টগ্রামের স্থানীয় সংস্কৃতির বিকাশ আরও সহজ হবে।
- পর্যায়ক্রমে সব বিভাগীয় শহরগুলোতে বাংলাদেশ টেলিভিশনের পূর্ণাঙ্গ কেন্দ্র চালু করা যাবে বলে আশা করছি।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

খোদা হাফেজ,

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু,  
বাংলাদেশ চিরজীবী হোক।

...